

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৭.২০১৭ -

তারিখঃ ২৭/০৩/২০১৮খ্রিঃ।

বিষয় : ২১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
স্থান : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ২১/০৩/২০১৮, সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে ২১/০৩/২০১৮ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভা পরিচালনা করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী অতিরিক্ত সচিব (বাজেট) সভার কার্যপত্র পাঠ করেন।

০২। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ২য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন পর্যালোচনা বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয়।

০৩। আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট এবং জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট বাস্তবায়ন তথ্যাদি সভায় উপস্থাপন করা হয় (পরিশিষ্ট-খ)। সভায় সভাপতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ২য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন নির্দিষ্ট সময় সীমার মধ্যে বাজেট সঠিকভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে আগামী ২০১৮-২০১৯ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত ৪১০২,৭৬,৯০,০০০/- (চার হাজার একশত দুই কোটি ছিয়ত্তর লক্ষ নব্বই হাজার) টাকার চাহিদার যৌক্তিকতা এবং ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ২য় কোয়ার্টার এর রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন পর্যালোচনা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) আগামী ২০১৮-২০১৯ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা :

(অংক সমূহ হাজার টাকায়)

ক্র নং	মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর	অতিরিক্ত দাবী ২০১৮-২০১৯	যৌক্তিকতা
১	সচিবালয়/ জননিরাপত্তা বিভাগ	২০,০০,০০	বাংলাদেশ সচিবালয়ের নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয় নতুন জনবল নিয়োগ, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয়, সম্পদ সংগ্রহ ও ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
২	তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল	৬৭.৫৩	টিওএন্ডই ভুক্ত মোটরযান ক্রয়, ন্যূনতম বসার স্থান সংকুলানের জন্য অন্যান্য ভবন ও অবকাঠামো খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
৩	এনটিএমসি	৪২৪,০০,০০	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Open Source Intelligent (OSINT) ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
৪	বাংলাদেশ পুলিশ অধিদপ্তর	১৬৩৩,৩৪,৬১	রংপুর, গাজীপুর মেট্রোপলিটর পুলিশ এক্টিভেরিজম ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ, পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ/ক্রয়, ভূমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
৫	বর্ডার গার্ড বাংলাদেশ	৯৮৫,৭০,০০	সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইকুপমেন্ট ক্রয় ও স্থাপন, বিজিবি পুনর্গঠন, এয়ার উইং, ০৪টি অবকাঠামো স্থাপন, সীমান্ত নিরাপত্তা সড়ক নির্মাণ, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
৬	আনসার ও ভিডিপি অধিদপ্তর	১২৬,৩১,৬৬	আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি প্রস্তুতির জন্য পোষাক, সরঞ্জামাদি, অস্ত্র ও গোলা বারুদ (শর্ট গান)সহ বিভিন্ন উপকরণ ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
৭	বাংলাদেশ কোস্ট গার্ড	১৩৫৮,৪৩,১০	জনবল বৃদ্ধি, ০৪টি হোভারক্রাফট, ০৮টি ড্রোন ক্রয়, কোস্ট গার্ড বাহিনীর সদর দপ্তরের আবাসিক ভবন, ঢাকা জোনাল অফিসের সাপোর্ট ইউনিট বেইস স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
মোট অতিরিক্ত দাবী		৪৫৪৮,৪৬,৯০	--

কথায়= চার হাজার পাঁচশত আটচল্লিশ কোটি ছিচল্লিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র

চলমান পাতা-২

